# সিজিএ নিউজ
# CGA NEWS

সংখ্যা: ০১ বর্ষ: ১-২০১৪ জুলাই-ডিসেম্বর, ২০১৪খ্রিঃ।

## ভূমিকা

সরকারি আর্থিক ব্যবস্থাপনা তথা সরকারি অর্থ পরিশোধের ক্ষেত্রে দক্ষ, কার্যকর ও ফলপ্রসু পূর্ব নিরীক্ষা সম্পাদন এবং গুনগত ও মানসম্পন্ন হিসাব প্রণয়নের ক্ষেত্রে সিজিএ অফিস যে ব্যাপক কর্মকাণ্ড পরিচালনা করে থাকে তা সাধারণের কাছে পৌঁছে দেবার লক্ষ্যেই **'সিজিএ নিউজ'**-এর প্রকাশনা। ৪৯টি সিএও, ৬টি ডিসিএ, ৫৮টি ডিএও এবং ৪২০টি ইউএও কার্যালয়ের মাধ্যমে সিজিএ অফিস প্রতি মাসে প্রায় ১৩ লক্ষ কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতাসহ ৫ লক্ষ পেনশনারের দাবী অত্যন্ত দক্ষতার সাথে পরিশোধ করে থাকে। Service Delivery দ্রুত ও কার্যকর করার লক্ষ্যে এ কার্যালয় ইনোভেটিভ কার্যক্রম গ্রহণের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে এবং এ প্রচেষ্টা অব্যাহত থাকবে।

## এ সংখ্যায় যা আছে


- সিজিএ কার্যালয়ের সংক্ষিপ্ত পরিচিতি।
- সিজিএ কার্যালয়ের ভিশন।
- সিজিএ কার্যালয়ের মিশন।
- উর্দ্ধতন কর্মকর্তাগণের সিজিএ কার্যালয় পরিদর্শন।
- সাম্প্রতিক সময়ে গৃহীত পদক্ষেপ।
- ব্যতিক্রমি ও উল্লেখযোগ্য কার্যক্রম।
- মতবিনিময় ও প্রশিক্ষণ।


## সিজিএ কার্যালয়ের সংক্ষিপ্ত পরিচিতি

স্বাধীনতার পর ১৯৭২ সনে এজি (সিভিল) নামে এ কার্যালয় যাত্রা আরম্ভ করে। পূর্বতন এজি (সিভিল) কার্যালয়টি ১৯৮৫ সালে অর্থ বিভাগের এক মেমোরেন্ডাম-এর মাধ্যমে কন্ট্রোলার জেনারেল অব একাউন্টস, বাংলাদেশ (সিজিএ) নামকরণ করা হয়। উক্ত মেমোরেন্ডাম-এর মাধ্যমে সকল মন্ত্রণালয়ের হিসাব সুষ্ঠুভাবে সংকলনের লক্ষ্যে হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয়ের অধীন ২০টি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় সৃজন করা হয়। পরবর্তীতে মন্ত্রণালয়ভিত্তিক নির্ভুলভাবে হিসাব প্রণয়নের উদ্দেশ্যে ২০০২ সালে ৪৯টি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় (সিএও) এবং ৬টি বিভাগে বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক-এর কার্যালয় (ডিসিএ) প্রতিষ্ঠা করা হয়।




সিজিএ কার্যালয়ের মূল ফটক

## সিজিএ কার্যালয়ের ভিশন

সরকারি আর্থিক ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণে অবদান রাখা।

## সিজিএ কার্যালয়ের মিশন

সরকারি অর্থ পরিশোধে কার্যকর পূর্ব-নিরীক্ষা সম্পাদন এবং গুনগত ও মানসম্পন্ন হিসাব প্রতিবেদন প্রণয়নের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদান।

## সিএজি মহোদয় কর্তৃক সিজিএ কার্যালয় পরিদর্শন

সিএজি জনাব মাসুদ আহমেদ গত ১৭ ডিসেম্বর ২০১৪ ইং তারিখে সিজিএ কার্যালয় পরিদর্শন করেন। তিনি বিভিন্ন সিএও অফিস এবং শাখার কাজের পরিবেশ ও ধরন সম্পর্কে অবগত হন এবং কিভাবে সার্ভিস ডেলিভারি উন্নত করা যায় সে সম্পর্কে মতামত ব্যক্ত করেন। সিএজি মহোদয়ের এ ধরনের পরিদর্শনে সিজিএ অফিস সম্মানিত বোধ করছে।



বাম থেকে অতিঃ সিজিএ (প্রশাঃ), সিজিএ, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং সিএও, স্বাস্থ্য।

## অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর সিজিএ কার্যালয় পরিদর্শন

মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব মোঃ এম এ মান্নান, এমপি গত ২২ ডিসেম্বর ২০১৪ ইং তারিখে সিজিএ চত্ত্বরে অনুষ্ঠিত ভিশন ২০২১- প্রি অডিটের ভূমিকা শীর্ষক এক মতবিনিময় সভায় বক্তৃতা করেন।



মঞ্চে মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর সাথে উপবিষ্ট হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।

**পে-কমিশন কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন:** জাতীয় বেতন কমিশনের রিপোর্ট প্রণয়নের ক্ষেত্রে সক্রিয় সহযোগিতার জন্য সিজিএ অফিসকে ধন্যবাদ জ্ঞাপন করে পে-কমিশন। সিজিএ মহোদয়কে লিখিত পত্রে উল্লেখ করেন, "আপনি ও আপনার কার্যালয়ের সকলকে বেতন ও চাকুরি কমিশন/২০১৩-এর পক্ষ থেকে আন্তরিক প্রশংসাসহ ধন্যবাদ জানাচ্ছি।"

## সাম্প্রতিক সময়ে গৃহীত পদক্ষেপ

### (ক) উন্নত কর্ম পরিবেশ:

- প্রতি গেইটে অভ্যর্থনা ডেক্স চালু করা হয়েছে।
- কার্যালয়ের ভিতরে ও বাহিরে পরিচ্ছন্নতা কার্যক্রম চালু করা হয়েছে।
- প্রতিটি করিডোরে ফুলের টব দ্বারা সুসজ্জিত করা হয়েছে।
- কার্যালয়ের মূল ফটকে ফুলের গাছ এবং ক্যাফেটেরিয়ার পার্শ্বে বৃক্ষ রোপন করা হয়েছে।
- এই কার্যালয়ের নিরাপত্তায় সার্বক্ষণিকভাবে আর্মড আনসার নিয়োগ করা হয়েছে।
- প্রতিটি গেইটে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়সমুহের অবস্থান নির্দেশিকা স্থাপন করা হয়েছে।
- এই কার্যালয়ের সকল নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা পর্যন্ত ইন্টারনেটসহ কম্পিউটার প্রদান করা হয়েছে।
- এই কার্যালয় এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়সমুহে কর্মরত কর্মকর্তা ও শাখাসমুহে নামফলক নতুনভাবে প্রতিস্থাপন করা হয়েছে।

### (খ) সার্ভিস ডেলিভারি দ্রুত ও গতিশীল করা:

- সেবা গ্রহীতাদের সুবিধার্থে হেল্প ডেক্স স্থাপন করা হয়েছে, যা ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা নিয়মিত তদারকি করা হয়।
- হেল্প ডেক্স হতে সেবা গ্রহণের জন্য জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে।
- হেল্প ডেক্স সম্পর্কিত তথ্য সকল মন্ত্রণালয়ের সচিব মহোদয়গণকে অবহিত করা হয়েছে।
- www.serviceportal.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয়ের সেবা সহজলভ্য করা হয়েছে।
- হেল্প ডেক্স থেকে চাহিদাকৃত বিষয়ে সরাসরি যোগাযোগ করা হয় এবং পরবর্তীতে এ সম্পর্কে ফলোআপ ও টেলিফোনে ফিডব্যাক জানানো হয়।
- পেনশন সেবা আরও দ্রুতকরণের লক্ষ্যে Pension Tracking System চালু করা হয়েছে।
- সেবা প্রদানের কার্যক্রমকে বেগবান করতে অভ্যন্তরীণ যোগাযোগ দ্রুতকরণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ caoird@gmail.com নামে একটি ই-মেইল আইডি খুলেছেন।

### (গ) মনিটরিং ও সুপারভিশন:

- হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ কর্তৃক প্রতিদিন iBAS System এর মাধ্যমে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়সমুহের অনিস্পত্তিকৃত বিল পাশ বা চেক লেখা মনিটরিং করা হয়।
- সিস্টেম এনালিস্টগণ এবং সিজিএ কার্যালয়ের নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তাগণ কর্তৃক iBAS System এর মাধ্যমে জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়সমুহের অনিস্পত্তিকৃত টোকেন, বিল পাশ বা চেক লেখা মনিটরিং করা হয়।
- সর্বাধিক পুরাতন বিল নিস্পত্তিতে টেলিফোনে তাগিদ দেয়া ও হালনাগাদ নিস্পত্তিতে ধন্যবাদ জানানো হয়।

### (ঘ) ইনোভেটিভ উদ্যোগ:

- সিজিএ কার্যালয়ের জন্য Short, Medium ও Long Term পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- বিভিন্ন বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে পেনশনারদের জন্য মেডিকেল সেবা চালু করা হয়েছে। উদাহরণ হিসেবে বরিশাল, বান্দারবান, বাশাইল, খাগড়াছড়ি, চাঁদপুর ইত্যাদি উল্লেখযোগ্য।
- সেবা গ্রহণে ভুক্তভোগীদের আবেদন-নিবেদন সরাসরি হিসাব মহা নিয়ন্ত্রক কর্তৃক নিস্পত্তি ও ফিডব্যাক টেলিফোনে অবহিত করা হয়।
- Digital Display চালু করা হয়েছে, যেখানে প্রতিটি সিএও অফিসে বিভিন্নপ্রকার বিল কত তারিখ পর্যন্ত পাশ করা হয়েছে তা উল্লেখ থাকে। সিজিএ কার্যালয় কর্তৃক সকল সিএও অফিসের বিল পাশের তাৎক্ষণিক অবস্থা সামগ্রিকভাবে Digital Display আকারে এ কার্যালয়ের প্রবেশমুখে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

### (ঙ) সিজিএ কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের দ্রুত সেবা প্রদান:

- প্রতি তিন মাস অন্তর টাইমস্কেল/সিলেকশন গ্রেড কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে।
- বিভিন্নপ্রকার ছুটি, জিপিএফ, ব্যক্তিগত বিষয়াদি অনুমোদন করে সংশ্লিষ্টদের তাৎক্ষণিক টেলিফোনে অবহিত করা হচ্ছে।

## ব্যতিক্রমি ও উল্লেখযোগ্য কার্যক্রম

### (ক) সিএও ইন্টারএকশন গ্রুপ:

- সরকারি অর্থ ব্যয়ে আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন করা এবং ব্যয়িত অর্থের হিসাবায়ন এ কার্যালয়ের অন্যতম দায়িত্ব। উক্ত দায়িত্ব যথাযথ পেশাদারিত্বের সাথে সম্পাদনে সরকারের আর্থিক ব্যবস্থাপনায় গতি সঞ্চার হয়। অন্যদিকে একই ধরনের আর্থিক বিষয়ের উপর বিভিন্ন অফিসের বিভিন্ন ধরনের মতামত আর্থিক শৃংখলা বিনষ্ট করতে পারে, কখনো বা বিভ্রান্তির সৃষ্টিও হতে পারে। এ ধরনের অসুবিধা রোধকল্পে এবং আর্থিক বিষয়ের সিদ্ধান্তে সামঞ্জস্যতা আনয়নের লক্ষ্যে এ কার্যালয়ের আওতাধীন বিভিন্ন

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় (সিএও) সমুহের মধ্যে নিয়মিত মতবিনিময় আবশ্যক হওয়ায় সিএও কার্যালয় সমুহের (বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকাসহ) সমন্বয়ে "আন্তঃসিএও ইন্টারএকশন গ্রুপ" গঠন করা হয়েছে।

**(খ) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী (ডিসিএ রাজশাহী) কার্যালয়ের কর্ম-পরিবেশ ও সেবার মানোন্নয়ন সম্পর্কিতঃ**

- কর্মকর্তা-কর্মচারীদের সুষ্ঠু কাজের পরিবেশ ও সেবা গ্রহীতাদের উন্নত সেবা নিশ্চিত করার নিমিত্তে অফিস চত্ত্বর ও কক্ষসমুহের ভৌতিক সুবিধাদি বৃদ্ধি করা হয়েছে।
- এই কার্যালয়ের উত্তরা ভবনের পূর্ব ব্লকের ৩য় ও ৪র্থ তলায় ২টি শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষসহ ৪টি সাধারণ সীট বিশিষ্ট গেস্টহাউস চালু করা হয়েছে।
- অফিস চত্ত্বরের প্রবেশপথের সামনে বিভিন্ন কর্মবিভাগের মূল অবস্থান নির্দেশিকার পাশাপাশি উভয় ভবনের সিঁড়ির মুখে ফ্লোরভিত্তিক অবস্থান নির্দেশিকা স্থাপন করা হয়েছে।
- এই কার্যালয়ের ক্রীড়া-কল্যাণ সমিতির উদ্যোগে এ কার্যালয়সহ রাজশাহী জেলার ৯টি উপজেলা হিসাব রক্ষণ অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ব্যাডমিন্টন, ক্যারাম বোর্ড, দাবা, তাস, লুডু ইত্যাদি ইভেন্টে ৩-১৫ ডিসেম্বর, ২০১৪ ইং তারিখে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। দৈনন্দিন হিসাব রক্ষণ কাজের পাশাপাশি এ ক্রীড়ানুষ্ঠান হিসাব রক্ষণ অফিসের কর্মকর্তা-কর্মচারীদের শারিরীক সুস্থ্যতা, মানষিক প্রশান্তি, পারস্পরিক সৌহার্দ্য ও কর্মস্পৃহা বাড়াতে অবদান রাখে।

**(গ) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তাগণের (ডিএও) ব্যতিক্রমি ও উল্লেখযোগ্য কার্যক্রম**

**ডিএও পিরোজপুরঃ**

- পেনশনারদের চিকিৎসা সেবা কার্যক্রম গত ২ ডিসেম্বর ২০১৪ ইং তারিখ হতে শুরু করা হয়েছে। প্রত্যেক মাসের ১ তারিখ হতে ২০ তারিখ পর্যন্ত প্রতি কর্মদিবসে সকাল ১০ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা পর্যন্ত একজন চিকিৎসক সোনালী ব্যাংক, পিরোজপুর শাখায় উপস্থিত পেনশনারগণকে চিকিৎসা সেবা প্রদান করছেন।
- পেনশনারগণের সুবিধার্থে বসার জায়গা, বাথরুমের ব্যবস্থা এবং বিশুদ্ধ খাবার পানি সরবরাহের বিষয়ে ইতোমধ্যেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।



ডিএও পিরোজপুরে পেনশনারদের চিকিৎসা প্রদান

**ডিএও কিশোরগঞ্জঃ**

- সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে, যাতে উল্লেখ আছে প্রতিটি সেবা প্রদানে সর্বোচ্চ কত সময় প্রয়োজন।
- পেনশনারদের জন্য প্রাথমিক চিকিৎসা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- অবসরপ্রাপ্ত ১০০ জন পেনশনারের বসার সু-ব্যবস্থা করা হয়েছে।

**ডিএও চাঁদপুরঃ**

- অবসরপ্রাপ্ত পেনশনভোগী কর্মকর্তা-কর্মচারীদের জন্য বসার সুব্যবস্থা করা হয়েছে।
- পেনশনারদের জন্য প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে সিভিল সার্জন কর্তৃক একজন ডাক্তার প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- পেনশনারদের বিশুদ্ধ পানি সরবরাহের জন্য ১টি আধুনিক ফিল্টার মেশিন বসানো হয়েছে।

## মতবিনিময় ও প্রশিক্ষণ

**(ক) বিশ্বব্যাংক অর্থায়নে পরিচালিত SPEMP-A প্রকল্পের প্রতিনিধি দলের সাথে সিজিএ মহোদয়ের সাক্ষাৎঃ**

Mr. Cem Dener, সিনিয়র পাবলিক সেক্টর স্পেশালিস্ট-এর নেতৃত্বে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম যাচাইকারী বিশ্বব্যাংক পরিচালিত SPEMP-A প্রজেক্টের একটি প্রতিনিধি দল হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ জনাব মোঃ আবুল কাশেম-এর সাথে বিগত ২২ অক্টোবর ২০১৪ ইং তারিখে সৌজন্য সাক্ষাৎ করেন।



SPEMP-A প্রকল্পের প্রতিনিধিদলের সাথে হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।

**(খ) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ (ডিসিএ)-এর সম্মেলনঃ**

বিগত ১৯ অক্টোবর ২০১৪ ইং তারিখে কাকরাইলস্থ অডিট ভবনে ঢাকা বিভাগের আওতাধীন জেলা ও উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক সরবরাহকৃত সেবার মান উন্নয়নকল্পে এক সভা অনুষ্ঠিত হয়। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ জনাব মোঃ আবুল কাশেম উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দ্রুত ও কার্যকর সেবা প্রদান সংক্রান্ত বিভিন্ন বিষয় উক্ত সভায় আলোচিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ সেবা প্রদান প্রক্রিয়াকে আরও বেশি কার্যকর ও উন্নয়নকল্পে নানারকম ইনোভেটিভ মত প্রকাশ করেন। দ্রুত ও উন্নতর সেবা প্রদানের মাধ্যমে হিসাব বিভাগের ভাবমূর্তি উন্নয়নের লক্ষ্যে কর্মকর্তাগণকে অগ্রণী ভূমিকা পালনের বিষয়ে প্রধান অতিথি তাঁর বক্তব্যে গুরুত্ব আরোপ করেন।




বার্ষিক মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।

**(গ) হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ মহোদয়ের বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট (ডিসিএ সিলেট) কার্যালয় পরিদর্শন:**

বিগত ২৩ নভেম্বর, ২০১৪ ইং তারিখে হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ জনাব মোঃ আবুল কাশেম বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ডিসিএ সিলেট কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি একটি পরিদর্শন রিপোর্ট প্রদান করেন। তিনি কাজের গতিশীলতা ও সেবা প্রদানের তালিকা দেখে সন্তোষ প্রকাশ করেন এবং Help Desk-এর বিষয়ে সবাইকে জানাতে নির্দেশনা দেন।

**(ঘ) ফরেন সার্ভিস একাডেমির কর্মকর্তাদের প্রশিক্ষণ:**

বিগত ২৬ নভেম্বর, ২০১৪ ইং তারিখে ফরেন সার্ভিস একাডেমিতে প্রশিক্ষণরত কর্মকর্তাগণ হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ কার্যালয় পরিদর্শন করেন। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ জনাব মোঃ আবুল কাশেম উক্ত কর্মকর্তাগণকে "Introduction to Mission Cash Accounts" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন। দিনব্যাপি এ প্রশিক্ষণে কর্মকর্তাগণ হাতে কলমে Cash Accounts-এর উপর বাস্তব জ্ঞান লাভ করেন এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ এ উদ্যোগের ভূয়শি প্রশংসা করেন।



সিজিএ অফিসে প্রশিক্ষণরত ফরেন সার্ভিস ক্যাডারের কর্মকর্তাবৃন্দ।

**(ঙ) হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ কার্যালয়ে প্রশিক্ষণ কর্মশালা:**

Government Finance Statistics Manual (GFSM), 2014 and Budget & Accounts Classification System-এর উপর একটি কর্মশালা বিগত ১৬ অক্টোবর ২০১৪ ইং তারিখে হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জনাব জেনিস প্লেটাইস, IMF GFS Specialist উক্ত কর্মশালা পরিচালনা করেন। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ জনাব মোঃ আবুল কাশেম মহোদয়ের নেতৃত্বে হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয় এবং বিভিন্ন প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের মোট ২০ জন কর্মকর্তা উক্ত প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন। GFSM প্রয়োগের ক্ষেত্রে ব্যবহারিক দিকগুলোর বিষয়ে উক্ত কর্মশালায় আলোকপাত করা হয়। কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি কার্যকর হয় এবং উপস্থিত সকলে এ বিষয়ে উপকৃত হয়।

**(চ) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম (ডিসিএ, চট্টগ্রাম)-এর ভবন উদ্বোধন এবং কর্মকর্তাগণের সাথে সিজিএ মহোদয়ের সাক্ষাৎ:**

হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ জনাব মোঃ আবুল কাশেম গত ৯ আগস্ট ২০১৪ ইং তারিখে ডিসিএ চট্টগ্রাম কার্যালয়ে চট্টগ্রামের জেলা ও উপজেলাসমুহের হিসাব রক্ষণ কর্মকর্তাগণের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় সভায় তিনি সেবা গ্রহীতাগণকে দ্রুত সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করেন। তিনি বিগত ২৮ ডিসেম্বর, ২০১৪ ইং তারিখে ডিসিএ চট্টগ্রাম কার্যালয়ের নতুন ভবন উদ্বোধন করেন।




ডিসিএ চট্টগ্রামের নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।

**(ছ) হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ মহোদয়ের সাথে অডিট এন্ড একাউন্টস্ অফিসার্স এসোসিয়েশনের সাক্ষাৎ:**

বিগত ১৬ নভেম্বর, ২০১৪ ইং তারিখে হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ জনাব মোঃ আবুল কাশেম অডিট এন্ড একাউন্টস্ অফিসার্স এসোসিয়েশনের নির্বাচিত প্রতিনিধিগণের সাথে মতবিনিময় করেন।



অফিসার্স এসোসিয়েশনের প্রতিনিধিগণের সাথে হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।

প্রকাশনায়: হিসাব মহা নিয়ন্ত্রক-এর কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
পিএবিএক্স: ৯৩৩০১০১-৫, ফ্যাক্স +৮৮-০২-৯৩৩০১০৭, ই-মেইল: cga@finance.gov.bd ওয়েব: www.cga.gov.bd